গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
(www.bkkb.gov.bd)

**বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪৬তম সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : কাজী এনামুল হাসান, এনডিসি
মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
সভার তারিখ : ৩১ জুলাই, ২০২৪
সময় : দুপুর: ১২.০০ টা
স্থান : ভার্চুয়াল প্ল্যাটফর্ম

উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান সর্বশেষ ২৮ মে, ২০২৪ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪৫তম সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ৪৫তম সমন্বয় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়। কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হলো।

০২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪৬তম সমন্বয় সভার আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশায় ১২ তলা ২টি কল্যাণ ভবন নির্মাণ প্রকল্প:** | | |
| | অতিরিক্ত মহাপরিচালক সভায় অবহিত করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশায় ৪টি বেইজমেন্টসহ ২টি ১২তলা বিশিষ্ট 'বঙ্গবন্ধু কর্মচারী কল্যাণ ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পের ডিপিপি'র জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ০৭/০৫/২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনের একনেক সভায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা ০৪/০৬/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় কতিপয় বিষয়ে সংশোধনপূর্বক পুনর্গঠিত ডিপিপি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পুনর্গঠিত ডিপিপি গণপূর্ত অধিদপ্তর থেকে পাওয়া গেছে। প্রাপ্ত ডিপিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য যোগাযোগ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক(উন্নয়ন), বা.ক.ক.বো; |
| ২। | **মতিঝিল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের নিজস্ব ভূমিতে ৩টি বেইজমেন্টসহ ১৫তলা বাণিজ্যিক ভবন নির্মাণ:** | | |
| | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মতিঝিল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের নিজস্ব ভূমিতে ৩টি বেইজমেন্টসহ ১৫তলা বিকেকেবি ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি'র জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ৭/৫/২০২৪ তারিখে একনেক সভায় অনুমোদন দেয়া হয়েছে। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ কর্তৃক ২৮/০৭/২০২৪ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সময় ও তারিখ নির্ধারণ করা হলেও পরবর্তীতে সভাটি স্থগিত করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম দ্রুত শুরু করা হবে বলে সভায় আলোকপাত করা হয়। | প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠানের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক(উন্নয়ন), বা.ক.ক.বো; |
| ৩। | **সরকারি কর্মচারীর বিশেষ চাহিদাসম্পন্ন/প্রতিবন্ধী সন্তানদের জন্য সেবা ও সাহায্য কেন্দ্র বা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন:** | | |
| | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অসামরিক কর্মে নিয়োজিত কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) সন্তানদের প্রশিক্ষণ ও সেবা কেন্দ্রে বিশেষায়িত প্রশিক্ষণ ও বিশেষায়িত চিকিৎসা গ্রহণের মাধ্যমে তাদের জীবনমান উন্নয়ন এবং তাদেরকে সামাজিকভাবে আত্মনির্ভরশীল একজন কর্মক্ষম | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে সরকারি কর্মচারীদের প্রতিবন্ধী সন্তানদের সেবা ও সাহায্য | ১। অতিরিক্ত মহাপরিচালক প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক(উন্নয়ন), বা.ক.ক.বো; |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার মাধ্যমে সমাজের মূলস্রোতে ফিরিয়ে আনার লক্ষ্যে গাজীপুর জেলার সদর উপজেলার দক্ষিণ পানিশাইল মৌজায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে সরকারি কর্মচারীদের প্রতিবন্ধী সন্তানদের সেবা ও সাহায্য কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। | কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৪। | **সরকারি কর্মচারীর বিশেষ চাহিদাসম্পন্ন/প্রতিবন্ধী সন্তানদের জন্য সেবা ও সাহায্য কেন্দ্র বা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন:** | | |
| | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অসামরিক কর্মে নিয়োজিত কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) সন্তানদের প্রশিক্ষণ ও সেবা কেন্দ্রে বিশেষায়িত প্রশিক্ষণ ও বিশেষায়িত চিকিৎসা গ্রহণের মাধ্যমে তাদের জীবনমান উন্নয়ন এবং তাদেরকে সামাজিকভাবে আত্মনির্ভরশীল একজন কর্মক্ষম নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার মাধ্যমে সমাজের মূলস্রোতে ফিরিয়ে আনার লক্ষ্যে গাজীপুর জেলার সদর উপজেলার দক্ষিণ পানিশাইল মৌজায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে সরকারি কর্মচারীদের প্রতিবন্ধী সন্তানদের সেবা ও সাহায্য কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে সরকারি কর্মচারীদের প্রতিবন্ধী সন্তানদের সেবা ও সাহায্য কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক(উন্নয়ন), বা.ক.ক.বো; |
| ৫। | **বিভাগীয় ঢাকা এর আয়বর্ধক প্রকল্প:** | | |
| | বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে বিগত ১০/১০/২০২৩ তারিখে বিভাগীয় কমিশনার বরাবর একটি পত্র প্রেরণ করা হয় উল্লেখ্য যে, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ) এবং বিভাগীয় পরিচালক, ঢাকা উক্ত বিষয়ে সরাসরি বিভাগীয় কমিশনার মহোদয়ের সাথে সাক্ষাৎ করেন।<br>বিভাগীয় সমন্বয় সভায় পরিচালক মহোদয় বিষয়টি উপস্থাপন করলে কমিশনার মহোদয় পরবর্তীতে বিবেচনা করা হবে বলে সভায় আলোচনা করা হয়। | বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে প্রতিটি বিভাগ ও জেলা পর্যায়ে খাস/অর্পিত/ পরিত্যক্ত জমি বন্দোবস্তের লক্ষ্যে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার মহোদয়ের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা, বা.ক.ক.বো; |
| ৬। | **চট্টগ্রামের আগ্রাবাদে প্রস্তাবিত বহুতল ভবন নির্মাণ:** | | |
| | চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত মোট ৪৫,২০১.৬৪ বর্গফুট/৩.১৮ বিঘা জমিতে কল্যাণ ভবন নির্মাণের লক্ষ্যে ভবনের সব ফ্লোরের ৫,২৩,৭৯০ বর্গফুট আয়তন নির্ধারণ করা হয়েছে। এছাড়া ৩টি বেইজমেন্টে মোট ২১৩টি গাড়ি পার্কিং, ৩টি সিঁড়ি, দু'টি ক্যাপসুল লিফটসহ ৭টি লিফট, প্রতি ফ্লোরে Air Conditioning (Plug and Play System) এর ব্যবস্থা, সার্বক্ষনিক বিদ্যুতের জন্য বৈদ্যুতিক সাবস্টেশন ও জেনারেটরের ব্যবস্থা এবং ভবনের প্রাক্কলিত ব্যয় ৪১৩ কোটি ৫৪ লাখ (চারশত তের কোটি চুয়ান্ন লাখ) টাকা নির্ধারণপূর্বক খসড়া নকশা প্রস্তুত করা হয়েছে বলে সভায় আলোচনা করা হয়। | নকশা দ্রুততম সময়ের মধ্যে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, বা.ক.ক.বো;<br>২। নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর;<br>৩। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ-৪ চট্টগ্রাম। |
| ৭। | **খুলনাস্থ কমিউনিটি সেন্টার প্রকল্প:** | | |
| | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, খুলনার বয়রা এলাকায় জোড়া গেটস্থ মেইন রোডের পাশে অবস্থিত বানিয়াখামার, খুলনা সদর, খুলনা/ডিপি নং ১, দাগ নং ৬২৭ মৌজায় প্রস্তাবিত ভবনে জমির পরিমাণ ৯৪.৪০ শতাংশ। বর্তমান জরিপে জেলা প্রশাসক, খুলনার নামে রেকর্ড (১৯৮৮ সাল থেকে বোর্ডের দখলে) রয়েছে।<br>বোর্ডের খুলনাস্থ কমিউনিটি সেন্টারটি দীর্ঘদিনের পুরাতন ভবনের স্থানে ৯৪ শতাংশ ভূমিতে ১০তলা বিশিষ্ট ভবন নির্মাণের লক্ষ্যে বোর্ড সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতোমধ্যে | নকশা চূড়ান্তকরণের জন্য স্থাপত্য অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে। | পরিচালক, বিভাগীয় কার্যালয়, খুলনা, বা.ক.ক.বো |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | খসড়া স্থাপত্য নকশা প্রণয়ন করা হয়েছে। খসড়া নকশা দাখিল করে যথাযথ কার্যক্রম গ্রহণ করার জন্য সভায় আলোচনা করা হয়। | | |
| ৮। | **বরিশালের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কাম কমিউনিটি সেন্টার নির্মাণ:** | | |
| | বিভাগীয় কমিশনার বরিশাল কর্তৃক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, বরিশালেরর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার নির্মাণের জন্য জমি বরাদ্দের প্রস্তাব দেয়া হয়েছে। প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনায় দেখা যায় যে, জেলা প্রশাসক, বরিশাল কর্তৃক বোর্ডের বিভাগীয় কার্যালয়, বরিশালের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার নির্মাণের জন্য বরিশাল সিটি কর্পোরেশনের আওতাধীন বরিশাল-তালতলি-শায়েস্তাবাদ সড়কের সরকারি হাঁস মুরগীর খামার সংলগ্ন জে.এল, ৪৮ নং আমানতগঞ্জ মৌজার এস.এ. ০১ নং খাস খতিয়ানভুক্ত ৭৯৫ নং দাগের ২.০০ (দুই) একর (দাগসূচি, স্কেচম্যাপ, লোকেশন ম্যাপ এবং খতিয়ানের কপিসহ আনুসঙ্গিক কাগজপত্র) এস.এ. জরিপে ভিটা শ্রেণি হিসেবে রেকর্ডভুক্ত (ঝিল/ডোবা হিসেবে বর্তমানে পরিত্যক্ত) জমিটি বরাদ্দ প্রদানের জন্য বিভাগীয় কমিশনার বরিশাল বরাবর প্রেরণ করা হয়। বিভাগীয় কমিশনার বরিশাল জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডকে ২৪/০৭/২০২৪ তারিখের ৭৪১ সংখ্যক স্মারকের মাধ্যমে অনুরোধ করেছেন। | প্রশাসনিক অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল, বা.ক.ক.বো |
| ৯। | **পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা:** | | |
| | পরিচালক, বরিশাল সভায় জানান যে, পটুয়াখালী জেলার কুয়াকাটায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের রেস্ট হাউজ-কাম রিসোর্ট নির্মাণের জন্য অকৃষি খাস জমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে পূর্বে যে জমির প্রস্তাবনা ছিল সেই জমিতে পটুয়াখালী যুগ্ম জেলা জজ ১ম আদালতে ২১৬/২০২১ এবং কলাপাড়া সিনিয়র সহকারী জজ আদালতে ১৮৫/২০২২ এবং ১১৬/২০২১ নম্বর দেওয়ানী মামলা চলমান রয়েছে। মামলাটি নিষ্পত্তিকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণে সভায় গুরুত্বারোপ করা হয়। | চলমান মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল, বা.ক.ক.বো |
| ১০। | **বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে খাস অর্পিত/ পরিত্যক্ত জমি বন্দোবস্তকরণ:** | | |
| | (ক) পরিচালক, ঢাকা জানান যে, বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে বিগত ১০/১০/২০২৩ তারিখে বিভাগীয় কমিশনার বরাবর একটি পত্র প্রেরণ করা হয় উল্লেখ্য যে, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ) এবং বিভাগীয় পরিচালক, ঢাকা উক্ত বিষয়ে সরাসরি বিভাগীয় কমিশনার মহোদয়ের সাথে সাক্ষাৎ করেন। বিভাগীয় সমন্বয় সভায় পরিচালক মহোদয় বিষয়টি উপস্থাপন করলে কমিশনার মহোদয় পরবর্তীতে বিবেচনা করা হবে বলে আশ্বাস দেন।<br>(খ) পরিচালক, চট্টগ্রাম জানান যে, চট্টগ্রামের নাসিরাবাদ হাউজিং সোসাইটিতে সম্পত্তি প্লট নং-৩৫/এ-২ তে ২১.৪৫ শতক জায়গার উপর একটি আধুনিক মানসম্মত Rest House Cum Dormitory নির্মাণের নিমিত্তে গত ১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিত্যক্ত সম্পত্তি | বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে প্রতিটি বিভাগ ও জেলা পর্যায়ে খাস/ অর্পিত/ পরিত্যক্ত জমি বন্দোবস্তের লক্ষ্যে বোর্ডের বিভাগীয় পরিচালকবৃন্দ জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ হতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো |

CS CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ব্যবস্থাপনা বোর্ড (এপিএমবি), চট্টগ্রামের ১৭৮ তম সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর অনুকূলে ১,০০,০০১ (এক লক্ষ এক) টাকা প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/ বিক্রয় প্রদানের জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>(গ) পরিচালক, রাজশাহী জানান যে, বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে খাস/অর্পিত/পরিত্যক্ত জমি বন্দোবস্তের লক্ষ্যে বিস্তারিত প্রতিবেদন ১৩/১১/২০২৩ তারিখ প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(ঘ) পরিচালক, খুলনা জানান যে, বিভাগীয় বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে বিভাগীয় ও জেলা পর্যায়ে খাস/অর্পিত/পরিত্যক্ত জমি সংগ্রহের লক্ষ্যে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। নিজেদের ব্যক্তিগত উদ্যোগ গ্রহণের মাধ্যমে ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>(ঙ) পরিচালক, সিলেট জানান যে, বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে খাস/অর্পিত/পরিত্যক্ত জমি বন্দোবস্তকরণের জন্য প্রাথমিকভাবে বিভাগীয় কমিশনার, সিলেট ও অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক ও রাজস্ব), সিলেট এবং সহকারী কমিশনার (ভূমি), সিলেট মহানগর রাজস্ব সার্কেল, সিলেট এর সাথে জমি সংগ্রহের বিষয়ে যোগাযোগ করা হয়েছে।<br>(চ) পরিচালক, রংপুর জানান যে, বিভাগীয় কার্যালয়, রংপুরে একটি কমিউনিটি সেন্টার ও একটি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য অকৃষি জমি বন্দোবস্ত প্রদান বিষয়ে একটি প্রতিবেদন বিগত ০৬/১১/২৩তারিখে বাংলাদেশ কমচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। | | |
| ১১। | **জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান:** | | |
| | জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান শুধুমাত্র বোর্ডের প্রধান কার্যালয়ের মাধ্যমে কর্মরত ও পিআরএল ভোগরত সরকারি কর্মচারীদের এক বা একাধিকবার সর্বোচ্চ দুই লাখ টাকা প্রদান করা হয়। এ অনুদান বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তিতে গুরুত্বারোপ করা হয়। | (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে আবেদন নিষ্পত্তি করতে হবে।<br>(খ) জাল জালিয়াতি রোধকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন) প্রধান কার্যালয়, বা.ক.ক.বো |
| ১২। | **সাধারণ চিকিৎসা অনুদান:** | | |
| | ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তি করে নির্ধারিত ছকে প্রতিটি জেলার তথ্য আলাদাভাবে উল্লেখ করে বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন সহ প্রধান কার্যালয়ে প্রতিবেদন দাখিল করা হচ্ছে।<br>খ) নিষ্পত্তিকৃত আবেদনের EFT এর তালিকা ব্যাংক কর্তৃক গ্রাহকের অনুকূলে অর্থ প্রেরণের প্রমাণক হিসেবে প্রধান কার্যালয়ে পাঠানো হচ্ছে। | (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তিপূর্বক নির্ধারিত ছকে প্রতিটি জেলার তথ্য আলাদাভাবে উল্লেখ করে বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনপূর্বক প্রতি-মাসের ০৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রতিবেদন দাখিল করতে হবে;<br>(খ) নিষ্পত্তিকৃত আবেদনের EFT প্রেরণ ও নিশ্চিতকরণের তারিখ উল্লেখপূর্বক ছকমতে | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (গ) সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে ইত:পূর্বে জারিকৃত বাছাই কমিটি ও উপকমিটির গঠন সংক্রান্ত আদেশ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। | তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;<br>(গ) সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে ইতঃপূর্বে জারিকৃত বাছাই কমিটি ও উপকমিটি গঠন সংক্রান্ত আদেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে। | |
| ১৩। | **মাসিক কল্যাণভাতা, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়া:** | | |
| | চাকরিরত, অক্ষম ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর মৃত্যুতে তাঁদের আয়ের ওপর নির্ভরশীল ক্ষমতাপ্রাপ্ত সদস্যকে মাসিক ২,০০০/- টাকার অনুদান হিসেবে সর্বোচ্চ ১৫ বছর পর্যন্ত মাসিক কল্যাণ ভাতা প্রদান করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে আবেদন নিষ্পত্তি এবং এ সংক্রান্ত তথ্যাদি বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা ও জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনপূর্বক প্রধান কার্যালয়ে প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তিকৃত আবেদনের EFT এর তালিকা ব্যাংকে প্রেরণ এবং ব্যাংক কর্তৃক গ্রাহকের অনুকূলে অর্থ প্রেরণের প্রমাণক প্রধান কার্যালয়ে পাঠানোর নির্দেশনা প্রদান করা হয়। | (ক) প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;<br>(খ) নিষ্পত্তিকৃত আবেদনের EFT প্রেরণ ও নিশ্চিতকরণের তারিখ উল্লেখপূর্বক ছক মোতাবেক তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো |
| ১৪। | **ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন:** | | |
| | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সূচক [৪.১.১] ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা নির্ধারণ এর অসাধারণ লক্ষ্যমাত্রা ৩১/০৮/২০২৪ এবং [৪.১.২] ডি-নথিতে নোট নিষ্পত্তিকৃত এর অসাধারণ লক্ষ্যমাত্রা ১০০% নির্ধারিত আছে। দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসসমূহের সকল শাখার নথি রেজিস্টারের তথ্য অনুযায়ী ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে।<br>বিবেচ্য বছরে একটি দপ্তর/সংস্থা কর্তৃক নির্ধারিত নথি রেজিস্টার অনুসারে ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকার শতভাগ নথির যতভাগ নোট ডি-নথি সিস্টেম এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে তার শতকরা অনুপাত অর্জন হিসেবে বিবেচিত হবে।<br>শাখা ভিত্তিক উপস্থাপিত ডি-নথি এবং হার্ড-নথির স্টেটমেন্ট এবং হার্ড-নথি ও ডি-নথির পরিসংখ্যান মাসিক সমন্বয় সভার কার্যবিবিরণীতে উল্লেখ থাকতে হবে।<br>বিভাগীয় কার্যালয়সমূহের ক্ষেত্রেও একইভাবে কার্যক্রমটি বাস্তবায়ন করতে হবে বলে সভায় আলোচনা করা হয়। | (ক) প্রধান কার্যালয়ের সকল শাখা হতে ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা নির্ধারণ করে পরিচালক (প্রশাসন) বরাবরে জমা দিতে হবে;<br>(খ) শাখা ভিত্তিক উপস্থাপিত ডি-নথি এবং হার্ড-নথির স্টেটমেন্ট/পরিসংখ্যান মাসিক সমন্বয় সভার কার্যবিবিরণীতে উল্লেখ থাকতে হবে;<br>(গ) ডি-নথিতে নোট নিষ্পত্তিকৃত এর লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে; | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়। |
| | [৪.১.১]<br>**প্রমাণক:**<br>**যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য কার্যক্রমের তালিকা প্রেরণ করতে হবে।** | | |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | [৪.১.২]<br>**প্রমাণক:**<br>মাঠ (জেলা) পর্যায়ের অফিস কর্তৃক নির্ধারিত নথি রেজিস্টার অনুসারে ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য শতভাগ নথির তালিকা হতে ই-ফাইলিং (ই-নথি/ডি-নথি)-এর মাধ্যমে নিষ্পত্তিকৃত মোট নোট সংখ্যা এবং সরকারি দপ্তরের শাখাভিত্তিক নিষ্পত্তিযোগ্য শতভাগ নথির তালিকা হতে উপস্থাপিত হার্ড নথিতে নিষ্পত্তিকৃত মোট নোট সংখ্যার স্টেটমেন্ট (প্রত্যয়নসহ)-এর পরিসংখ্যান উল্লেখসহ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী। ই-ফাইলিং (ই-নথি/ডি-নথি)-এ নিষ্পত্তিকৃত মোট নোট সংখ্যার প্রতিবেদন এটুআই হতে প্রাপ্ত প্রতিবেদনের সঙ্গে ক্রসচেক করা হবে। গরমিলের ক্ষেত্রে এটুআই কর্তৃক প্রদত্ত রিপোর্ট চূড়ান্ত বলে গণ্য হবে। | | |
| ১৫। | **ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম:** | | |
| | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>(খ) বিভাগীয় কার্যালয়সমূহের ওয়েবসাইটের সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদপূর্বক প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে;<br>(খ) বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ পূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়, |
| ১৬। | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কার্যক্রম:** | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক নির্দেশিকা ২০২৪-২৫ অনুসরণপূর্বক প্রধান কার্যালয় ও আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রমসমূহ বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>জনাব কানিজ ফাতেমা সহকারী প্রোগ্রামার-কে, প্রধান কার্যালয়ের এপিএ'র কর্মসম্পাদনের ক্ষেত্র (বোর্ড কর্তৃক নির্ধারিত - ৭০ নম্বর) এর সকল ত্রৈমাসিক/ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ/ দাখিল (apams software) সংক্রান্ত কার্যক্রমের শাখা অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে।<br>জনাব সুমাইয়া সায়মা, সহকারী প্রোগ্রামার-কে প্রধান কার্যালয়ের এপিএ'র সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত - ৩০ নম্বর) এর সকল ত্রৈমাসিক/ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ/ দাখিল (৫টি কর্মপরিকল্পনার সফটওয়্যারসহ) সংক্রান্ত কার্যক্রমের শাখা অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে।<br>জনাব আছফিয়া মেহবুবা, সিস্টেম এনালিস্ট-কে প্রধান কার্যালয়ের এপিএ ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্বে বহাল রাখা যেতে পারে। | (ক) এপিএ মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২০২৫ অনুসরণপূর্বক প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রমসমূহ সম্পাদন করবেন;<br>(খ) জনাব কানিজ ফাতেমা, সহকারী প্রোগ্রামার প্রধান কার্যালয়ের এপিএ'র (৭০ নম্বর) শাখা অফিসা, জনাব সুমাইয়া সায়মা সহকারী প্রোগ্রামার এপিএ'র (৩০ নম্বর) শাখা অফিসার এবং জনাব আছফিয়া মেহবুবা, সিস্টেম এনালিস্ট-কে এপিএ ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন;<br>(গ) বিভাগীয় কার্যালয়ের ক্ষেত্রে এপিএ ফোকাল পয়েন্ট নির্ধারণপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়। |
| ১৭। | **অডিট আপত্তি নিষ্পত্তি:** | | |
| | (ক) দীর্ঘ দিনের অনিষ্পন্ন ০৪টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা করতে হবে;<br>(খ) হিসাব শাখা কর্তৃক দ্রুত সময়ের মধ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ৯৩টি Non Serious Financial Irregularities (NSFI) অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। | অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো; |
| ১৮। | **অভ্যন্তরীণ প্রশিক্ষণ:** | | |
| | প্রধান কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর কার্যক্রম [৩.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান (১০তম গ্রেড থেকে তদনিম্ন) এর লক্ষ্যমাত্রা ৬০ জনঘন্টা এবং [১.৭] কর্মকর্তাদের | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান গুনগত মানসম্পন্ন ও বাস্তবধর্মী হতে হবে এবং | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, ২। পরিচালক, বিভাগীয় |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সক্ষমতা উন্নয়নের জন্য লার্নিং সেশন আয়োজন (৯ম গ্রেড এবং তদুর্ধ) এর লক্ষ্যমাত্রা ৪টি নির্ধারিত আছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রশিক্ষণসূচি প্রণয়ন করে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। এ কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ প্রশিক্ষক নির্বাচনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। বিভাগীয় কার্যালয়সমূহ হতে এ সংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ প্রশিক্ষক নির্বাচন করতে হবে। | কার্যালয় (সকল) |
| ১৯। | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা Grievance Redress System (GRS):** | | |
| | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ২০২৪-২০২৫ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার সকল কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২০। | **জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS):** | | |
| | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রয়েছে এবং সকল প্রতিবেদন বিভাগের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী দপ্তর সংস্থার ক্ষেত্রে অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ৪ টি সভা করতে হবে। ৪টি সভার মধ্যে ন্যূনতম ২টি সভা আবশ্যিকভাবে বিভাগীয়/জেলা/উপজেলার মাঠ পর্যায়ের অফিসে গিয়ে বড় পরিসরে অনেক বেশি সংখ্যক অংশীজনের উপস্থিতিতে আয়োজন করতে হবে।<br>সে অনুযায়ী প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১ম সভাটি সিলেট বিভাগে আয়োজন করা যেতে পারে বলে সভায় মতামত প্রকাশ করা হয়। | (১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর প্রতিটি প্রান্তিকের প্রতিবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডসহ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;<br>(২) বিভাগীয় কার্যালয়ের শুদ্ধাচার কৌশল পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা এবং এ সংক্রান্ত সকল প্রতিবেদন বিভাগের ওয়েবসাইটে সঠিক ফরম্যাট অনুসরণ করে আপলোড করতে হবে<br>(৩) প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম সভা সিলেট বিভাগে আয়োজন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), |
| ২১। | **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন;** | | |
| | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর সকল কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনের ধারা অব্যাহত রাখতে হবে। এ কর্মপরিকল্পনার কার্যক্রম বাস্তবায়নের জন্য ২০/০৮/২০২৪ তারিখের মধ্যে উদ্ভাবনী ধারণা আহবান করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ বিষয়ক ৪টি কর্মশালা/সেমিনার আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। নিজ অফিস ও আওতাধীন বিভাগীয় অফিসে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার ০১/১২/২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন এবং মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে ২টি কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। | (১) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত কর্মশালা/সেমিনার ১ম প্রান্তিকে ১টি আয়োজন করতে হবে;<br>(২) তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে;<br>(৩) অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;<br>(৪) মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়,<br>৪। উপপরিচালক(উন্নয়ন) |

CS CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | সরকারি সেবা চিহ্নিত করতে হবে। | |
| ২১। | **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন:**<br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে বিভাগীয় কার্যালয়সহ ১ম প্রান্তিকে ১টি সভা আয়োজন করতে হবে। এছাড়া ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েব সাইটে প্রকাশ করা হচ্ছে। | (১) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে;<br>(২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগীয় কার্যালয়সহ ১ম প্রান্তিকে ১টি সভা আয়োজন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়। |
| ২৩। | **তথ্য অধিকার:**<br>তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা ২০২৪-২৫ বাস্তবায়নের জন্য তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি এবং স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। বার্ষিক প্রতিবেদন ১৫/১০/২০২৪ তারিখের মধ্যে প্রকাশ এবং তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক বছরে ৩টি প্রচার কার্যক্রম সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। | (১) তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে;<br>(২) সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়। |
| ২৪। | **বিমান বন্দরে হেল্প ডেস্ক স্থাপন:**<br>বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ৩১/০১/২০২৪ তারিখের ৩৩৮৩/৫৭৩৭ সংখ্যক স্মারকের মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত/ অবসরপ্রাপ্ত অসামরিক কর্মকর্তা/ কর্মচারীদের বিদেশ থেকে আগমন ও বহির্গমনের সহায়তা সার্ভিস পরিচালনার জন্য টার্মিনাল-১ এর ভিতরে ১নং গেইট এর ২য় তলায় ১৪০ বর্গফুট জায়গা প্রতি বর্গফুট মাসিক ১২০ টাকা হারে ইজারামূল্যসহ অন্যান্য টাকা অগ্রিম পরিশোধের জন্য অনুরোধের প্রেক্ষিতে ইজারা মূল্য ৮৪,০০০/- টাকা, ১৫% ভ্যাট বাবদ ১২,৬০০/- টাকা, ১০% আয়কর বাবদ ৮,৪০০/- টাকা এবং জামানত হিসেবে ৫০,৪০০/- টাকা সহ সর্বমোট ১,৫৫,৪০০/- (এক লাখ পঞ্চান্ন হাজার চারশত) টাকার ৪টি পে-অর্ডার চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের অনুকূলে প্রেরণ করা হয়েছে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সমঝোতা স্মারক (MOU) সম্পাদন পূর্বক ডেস্ক স্থাপনের নিমিত্ত বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ২৩/০৫/২০২৪ তারিখের ৩৬৫৮ সংখ্যক স্মারকের মাধ্যমে কার্যাদেশ পাওয়া যায়। প্রাপ্ত কার্যাদেশে মোতাবেক ২৭/৬/২০২৪ তারিখে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সাথে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ইজারা চুক্তিপত্র সম্পাদিত হয়েছে। চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০২৪ তারিখে শেষ হওয়ায় পুনরায় ১ জুলাই, ২০২৪ থেকে ৩০ জুন, ২০২৫ তারিখ পর্যন্ত চুক্তি নবায়ন করা হয়েছে বলে সভায় আলোচনা করা হয়। | বোর্ডের সাথে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চুক্তি অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। সহকারী পরিচালক(কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ২৫। | **শাখা পরিদর্শন:**<br>বিভাগীয় কার্যালয়সমূহ ২০২২-২০২৩ অর্থবছর জুলাই মাসে যৌথবীমা, মাসিক কল্যাণ, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া, সাধারণ চিকিৎসা, অবসর দাফন এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও | (ক) সচিবালয় নির্দেশমালা মোতাবেক কার্য নিষ্পত্তিতে সময়সীমা মেনে চলতে হবে; | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো; |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হিসাব শাখা পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তী পরিদর্শন কার্যক্রম আগামী মাসে সম্পন্ন করা হবে মর্মে আলোচনা করা হয়। | | ২। পরিচালক , বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |
| ২৬। | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জমির তথ্য:** | | |
| | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও সিলেট জমির তথ্য সংগ্রহ করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচাকে ২৯/০২/২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় পরিচালক, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও সিলেটকে ৩০/০৩/২০২৪ তারিখের মধ্যে জমির প্রয়োজনীয় তথ্য ছক আকারে প্রমাণকসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়া ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডের সমন্বয় সভায় এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিভাগীয় পরিচালকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এখন পর্যন্ত জমির প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়নি। তথ্য সংগ্রহের জন্য গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে। | জমির খতিয়ান ও নকশা সংগ্রহপূর্বক বই আকারে প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলের নিকট এক কপি প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো; ২। পরিচালক , বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |
| ২৭। | **বোর্ডে অর্থ বিনিয়োগ:** | | |
| | স্থায়ী আমানত সরকারি সিডিউলভুক্ত ব্যাংকে সর্বোর্চ্চ রেটে বিনিয়োগ করা যেতে পারে। সে বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক মহোদয় আলোচনা করেন। | সরকারি সিডিউলভুক্ত আর্থিক ভাবে স্বচ্ছল ব্যাংকে সর্বোচ্চ রেটে বিনিয়োগ করতে হবে। | ১। অতিরিক্ত মহারিচালক (পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন); ২। পরিচালক (প্রশাসন/উন্নয়ন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো। ৩। পরিচালক, বিভাগীয় কার্যালয়(সকল), বা.ক.ক.বো। |

০৪। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কাজী এনামুল হাসান, এনডিসি)
মহাপরিচালক

CamScanner